NYC Consumer Affairs

পরিদর্শনের চেকলিস্ট: হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টর ও সেলসপার্সন

আপনি কি নিউ ইয়র্ক সিটিতে বাড়ি উন্নয়নের কাজ সম্পাদন করেন বা বিক্রি করেন?

আমাদের পরিদর্শক অর্থাৎ ইন্সপেক্টররা কি সন্ধান করেন তা জানার জন্য এই যাচাইতালিকা ব্যবহার করুন এবং নিয়মভঙ্গ এড়িয়ে যাওয়ায় সাহায্য করুন।

আপনার সুবিধার জন্য, প্রতিটি প্রয়োজনীয় নির্দেশ আইন ও/বা নিয়মাবলীর প্রাসঙ্গিক ধারাটি অন্তর্ভুক্ত করা হয়, যাতে আপনি আরো তথ্যের জন্য সেটি দেখতে পারেন। নিচের KEY এই চেকলিস্টে ব্যবহৃত আইনের উদ্ধৃতি ও প্রতীকগুলিকে বর্ণনা করে।

KEY
NYC Code: NYC Administrative Code **RCNY:** Rules of the City of New York **§:** Section

প্রয়োজনীয় শর্ত		আপনি কি এই শর্ত পূরণ করছেন?
লাইসেন্স		
1	আপনি যদি নিউ ইয়র্ক সিটিতে বেসরকারী বাসস্থানে বাড়ি উন্নয়নের কাজ সম্পাদন করেন বা তা করার প্রস্তাব দেন, তাহলে আপনার DCA হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টর লাইসেন্স অবশ্যই থাকতে হবে। **সংক্ষিপ্ত পরামর্শ:** আপনি যে সমস্ত সাবকন্ট্র্যাক্টরদের ব্যবহার করবেন তাদের অবশ্যই সবার হোম ইমপ্রুভমেন্ট DCA হোম ইমপ্রুভমেন্ট লাইসেন্স থাকতে হবে।	☐ হ্যাঁ
	NYC Code §20-387	
2	আপনি যদি নিউ ইয়র্ক সিটিতে বেসরকারী বাসস্থানে বাড়ি উন্নয়নের কাজ বিক্রি করেন বা তার জন্য অনুরোধ করেন, তাহলে আপনার DCA হোম ইমপ্রুভমেন্ট সেলসপার্সন লাইসেন্স অবশ্যই থাকতে হবে। **সংক্ষিপ্ত পরামর্শ:** সমস্ত হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টরদের অন্ততঃ একজন লাইসেন্সপ্রাপ্ত হোম ইমপ্রুভমেন্ট সেলসপার্সন অবশ্যই থাকতে হবে।	☐ হ্যাঁ
	NYC Code §20-387	
হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টরদের জন্য আবশ্যক:		
3	ডিসিএর সংযুক্ত লাইসেন্স ও অভিযোগের সঙ্কেতচিহ্ন এমন জায়গায় টাঙিয়ে রাখতে হবে যেখানে সব গ্রাহক তা দেখতে পায়, অথবা অনুরোধক্রমে তা গ্রাহককে দেখাতে হবে।	☐ হ্যাঁ
	6 RCNY §1-03(a)	
চুক্তি এবং আনুমানিক খরচের হিসাব		
4	যে গ্রাহক অনুরোধ করবেন, আপনাকে অবশ্যই তাকে লিখিত ভাবে আনুমানিক খরচের হিসাব দিতে হবে।	☐ হ্যাঁ
	NYC Code §20-395	

NYC Consumer Affairs

পরিদর্শনের চেকলিস্ট:
হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টর ও সেলসপার্সন

প্রয়োজনীয় শর্ত		আপনি কি এই শর্ত পূরণ করছেন?
5	বাড়ি উন্নয়নের কাজের জন্য আপনার ও গ্রাহকের মধ্যে চুক্তিটি অবশ্যই লিখিতভাবে হতে হবে এবং গ্রাহক ও কন্ট্র্যাক্টর বা সেলসপার্সন দ্বারা স্বাক্ষরিত হতে হবে। **সংক্ষিপ্ত পরামর্শ:** কোনো কাজ করার আগে আপনাকে স্বাক্ষরিত চুক্তির একটি প্রতিলিপি অবশ্যই গ্রাহককে দিতে হবে। **সংক্ষিপ্ত পরামর্শ:** চুক্তিটিতে সমস্ত পরিবর্তনের আদেশ অবশ্যই লিখিতভাবে হতে হবে এবং কন্ট্র্যাক্টর বা সেলসপার্সন ও গ্রাহক দ্বারা স্বাক্ষরিত হতে হবে। পরিবর্তনের আদেশে অতিরিক্ত কাজের খরচ, চুক্তির নতুন মূল্য, এবং যে তারিখে অর্থ প্রদান বকেয়া হবে তা অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে। **সংক্ষিপ্ত পরামর্শ:** DCA-র বাড়ি উন্নয়নের আনুমানিক খরচের হিসাব ও চূড়ান্ত চুক্তিটি ব্যবহার করুন যা nyc.gov/BusinessToolbox–তে পাওয়া যাবে।	☐ হ্যাঁ
	6 RCNY §2-221(a)	
6	আপনি গ্রাহককে যে চুক্তি দেবেন, তা অবশ্যই সহজপাঠ্য এবং সহজ ইংরেজীতে হতে হবে। **সংক্ষিপ্ত পরামর্শ:** আপনি যদি ইংরেজী ছাড়া অন্য কোনো ভাষায় চুক্তির জন্য দরাদরি করেন, তাহলে আপনাকে ইংরেজী এবং চুক্তির জন্য দরাদরিতে আপনার দ্বারা ব্যবহৃত ভাষা উভয় ভাষাতেই গ্রাহককে চুক্তিটির প্রতিলিপি প্রদান করতে হবে।	☐ হ্যাঁ
	6 RCNY §2-221(a)	
7	চুক্তিতে নিম্নলিখিত বিষয়গুলি অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে: • চুক্তির তারিখ • হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টরের নাম • হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টরের অফিসের ঠিকানা • হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টরের টেলিফোন নম্বর • হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টরের DCA লাইসেন্স নম্বর • হোম ইমপ্রুভমেন্ট সেলসপার্সনের DCA লাইসেন্স নম্বর	☐ হ্যাঁ
	6 RCNY §2-221(a)(1)	
8	কন্ট্র্যাক্টর যে তারিখে কাজ শুরু করা এবং উল্লেখযোগ্যভাবে কাজ সম্পূর্ণ করার আশা করেন, সেই তারিখগুলি চুক্তিতে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে। **সংক্ষিপ্ত পরামর্শ:** আপনি ও গ্রাহক যদি সম্মত হয়ে থাকেন যে একটি সুনির্দিষ্ট সমাপ্তির তারিখ অত্যন্ত গুরুত্বপূর্ণ, তাহলে আপনাকে তা চুক্তিতে অবশ্যই উল্লেখ করতে হবে।	☐ হ্যাঁ
	6 RCNY §2-221(a)(2)	
9	যে কাজ করা হবে তার একটি বর্ণনা চুক্তিতে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে।	☐ হ্যাঁ
	6 RCNY §2-221(a)(3)	
10	কন্ট্র্যাক্টর যে সমস্ত মালপত্র ও যন্ত্রপাতি প্রদান করবেন, সেগুলির নির্মাতা ও মডেল নম্বর সহ একটি বর্ণনা চুক্তিতে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে। **সংক্ষিপ্ত পরামর্শ:** আপনি ও গ্রাহক কাজ ও মালপত্রের জন্য যে মূল্যের বিষয়ে একমত হয়েছেন তা চুক্তিতে অবশ্যই তালিকাভুক্ত হতে হবে।	☐ হ্যাঁ
	6 RCNY §2-221(a)(3)	

NYC Consumer Affairs

পরিদর্শনের চেকলিস্ট:
হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টর ও সেলসপার্সন

	প্রয়োজনীয় শর্ত	আপনি কি এই শর্ত পূরণ করছেন?
11	চুক্তিতে গ্রাহককে অবশ্যই একটি বিজ্ঞপ্তি প্রদান করতে হবে যে, কোনো কন্ট্র্যাক্টর বা সাবকন্ট্র্যাক্টর কাজ সম্পাদন করার পরে তাকে যদি অর্থ পরিশোধ না করা হয়, তাহলে তিনি গ্রাহকের বিরুদ্ধে একটি দাবি করতে পারেন, যা সম্পত্তির বিপক্ষে বলবৎ করা হতে পারে।	☐ হ্যাঁ
	6 RCNY §2-221(a)(4)	
12	নিউ ইয়র্ক স্টেটের Lien Law-এর উপবিভাগ 4 ধারা 71-a অনুযায়ী চুক্তিতে গ্রাহকের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্তি অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে যে, কাজ সম্পূর্ণ করার পূর্বে প্রাপ্ত সমস্ত অর্থ জমা দেওয়ার জন্য কন্ট্র্যাক্টর আইনত বাধ্য, এবং এই জমা করার পরিবর্তে কন্ট্র্যাক্টর গ্রাহককে একটি বন্ড বা ক্ষতিপূরণের চুক্তি প্রদান করতে পারেন, যেখানে প্রদত্ত অর্থ ফেরত দেওয়া বা চুক্তির উদ্দেশ্যে প্রদত্ত অর্থ প্রয়োগ করার নিশ্চয়তা দিতে হবে।	☐ হ্যাঁ
	6 RCNY §2-221(a)(5)	
13	কাজের অগ্রগতি হওয়ার সাথে সাথে গ্রাহক যদি কিস্তিতে অর্থ প্রদান করেন, তাহলে সুনির্দিষ্ট কাজ সম্পূর্ণ হওয়ার পরে যে পরিমাণ অর্থ প্রদান করতে হবে তা সহ, অর্থ প্রদানের একটি সময়সূচিও চুক্তিতে অন্তর্ভুক্ত করতে হবে।	☐ হ্যাঁ
	6 RCNY §2-221(a)(6)	
14	সমস্ত গ্যারান্টি ও ওয়ারেন্টিগুলিও চুক্তিতে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে।	☐ হ্যাঁ
	6 RCNY §2-221(a)(7)	
15	কাজ শুরু করার আগে গ্রাহককে "কর্মীদের ক্ষতিপূরণ বিমার সার্টিফিকেট"-এর একটি প্রতিলিপি দেওয়ার জন্য আপনার সম্মতি চুক্তিতে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে। **সংক্ষিপ্ত পরামর্শ:** কর্মীদের ক্ষতিপূরণ বিমা নেওয়া থেকে অব্যাহতি সংক্রান্ত তথ্য পাওয়া যায় নিউ ইয়র্ক স্টেট কর্মীদের ক্ষতিপূরণ বোর্ড (Workers' Compensation Board)-এর ওয়েবসাইটে: http://www.wcb.ny.gov/ **সংক্ষিপ্ত পরামর্শ:** আপনি যদি কর্মীদের ক্ষতিপূরণ বিমার বাধ্যবাধকতা থেকে অব্যাহতি পেয়ে থাকেন, তাহলে আপনাকে নিউ ইয়র্ক স্টেট কর্মীদের ক্ষতিপূরণ বোর্ড (Workers' Compensation Board)-এর কাছ থেকে অব্যাহতির সত্যায়ন সার্টিফিকেটের একটি প্রতিলিপি গ্রাহককে অবশ্যই দিতে হবে।	☐ হ্যাঁ
	6 RCNY §2-221(a)(8)	
16	চুক্তিতে অবশ্যই উল্লেখ করতে হবে যে কন্ট্র্যাক্টর কাজটির জন্য সমস্ত অনুমতিপত্র নেবেন।	☐ হ্যাঁ
	6 RCNY §2-221(a)(9)	
17	চুক্তিতে স্বাক্ষরের লাইনের ঠিক উপরেই নিম্নলিখিত বিবৃতিটি অন্তর্ভুক্ত করতে হবে: **ক্রেতাএই লেনদেনের তারিখের পরে তৃতীয় কর্মদিবসের মধ্যরাত্রির পূর্বে যে কোনো সময় এই লেনদেন বাতিল করতে পারেন। এই অধিকারের ব্যাখ্যার জন্য বাতিলকরণের বিজ্ঞপ্তির সংযুক্ত ফর্মটি দেখুন।** **সংক্ষিপ্ত পরামর্শ:** এই বিবৃতিটি অবশ্যই মোটা হরফে থাকতে হবে, এবং ফন্টের মাপ কমপক্ষে 10 পয়েন্ট হতে হবে।	☐ হ্যাঁ
	6 RCNY §2-221(a)(10)	

পরিদর্শনের চেকলিস্ট:
হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টর ও সেলসপার্সন

প্রয়োজনীয় শর্ত		আপনি কি এই শর্ত পূরণ করছেন?
18	গ্রাহক চুক্তিতে স্বাক্ষর করার সময় আপনাকে বাতিলকরণের বিজ্ঞপ্তির একটি পৃথক ফর্ম গ্রাহককে অবশ্যই দিতে হবে। **সংক্ষিপ্ত পরামর্শ:** ফর্মের শব্দগুলি অবশ্যই মোটা হরফে থাকতে হবে, এবং ফন্টের মাপ কমপক্ষে 10 পয়েন্ট হতে হবে। **সংক্ষিপ্ত পরামর্শ:** বাতিলকরণের বিজ্ঞপ্তিটি অবশ্যই ইংরেজীতে এবং চুক্তির জন্য দরাদরিতে ব্যবহৃত অন্য কোনো ভাষায় হতে হবে। **সংক্ষিপ্ত পরামর্শ:** বাতিলকরণের বিজ্ঞপ্তির ফর্মটি ডাউনলোড করুন, যা DCA-এর বাড়ি উন্নয়নের আনুমানিক হিসাব ও চূড়ান্ত চুক্তির শেষে আছে nyc.gov/BusinessToolbox	☐ হ্যাঁ
	6 RCNY §2-221(b)	
19	চুক্তিতে উল্লেখ করা যাবে না যে আইনের অধীনে গ্রাহকের যে সমস্ত অধিকার বা প্রতিকার আছে তিনি সেগুলি ছেড়ে দিচ্ছেন বা ত্যাগ করছেন।	☐ হ্যাঁ
	NYC Code § 20-393(13)	
অনুমতিপত্র		
20	কন্ট্র্যাক্টরকে সমস্ত প্রয়োজনীয় অনুমতিপত্র এবং ভোগদখলের শংসাপত্র নিতে হবে। **সংক্ষিপ্ত পরামর্শ:** যদি বাড়ি উন্নয়নে জলের কাজ, ইলেক্ট্রিকের কাজ, রঙ করা বা বাড়ি সম্প্রসারণ যুক্ত থাকে, তাহলে কন্ট্র্যাক্টরকে নিউ ইয়র্ক সিটি ভবন বিভাগ [Department of Buildings (DOB)]-এর থেকে একটি অনুমতিপত্র নিতে হতে পারে। **সংক্ষিপ্ত পরামর্শ:** অতিরিক্ত তথ্যের জন্য DOB-র ওয়েবসাইট দেখুন: www.nyc.gov/buildings	☐ হ্যাঁ
	NYC Code §20-402.1	
অর্থপ্রদান ও অর্থ সংগ্রহ		
21	আপনি কোনো গ্রাহককে বাড়ি উন্নয়নের কাজের জন্য অর্থ সংগ্রহের ব্যবস্থা করে দিতে কিংবা কোনো গ্রাহককে অর্থ পেতে সাহায্য করতে পারবেন না।	☐ হ্যাঁ
	NYC Code §20-393(4)	
22	কাজ চলার সময়, কন্ট্র্যাক্টর এমন কোনো খরচ পরিশোধ করার জন্য গ্রাহকের প্রদান করা অর্থ ব্যবহার করতে পারেন না, যেগুলি বাড়ী উন্নয়নের সাথে সরাসরি সম্পর্কযুক্ত নয়।	☐ হ্যাঁ
	6 RCNY §2-223(c)	
কাজ সম্পাদন		
23	তিন দিনের বাতিলকরণের সময়কাল অতিক্রান্ত হওয়ার আগে, কন্ট্র্যাক্টর চুক্তির কোনো কাজ করতে পারবেন না বা গ্রাহকের সম্পত্তিতে কোনো পরিবর্তন করতে পারবেন না।	☐ হ্যাঁ
	NYC Code §20-394.1	
24	কন্ট্র্যাক্টর গ্রাহকের লিখিত সম্মতি ছাড়া এমন কোনো কাজ করতে পারবেন না যা চুক্তিতে নেই, কিংবা চুক্তিতে বর্ণনা করা কাজের থেকে আলাদা।	☐ হ্যাঁ
	NYC Code §20-393(1)	
25	কন্ট্র্যাক্টরকে নিউ ইয়র্ক সিটির নির্মাণ, নিকাশী, আগুন ও স্বাস্থ্য সংক্রান্ত সমস্ত আইন অবশ্যই মেনে চলতে হবে।	☐ হ্যাঁ
	NYC Code §20-393(6)	
26	কন্ট্র্যাক্টর প্রকৃতই কাজ সম্পূর্ণ করার আগে আপনি গ্রাহককে সমাপ্তির শংসাপত্রে স্বাক্ষর করতে বলতে পারবেন না।	☐ হ্যাঁ
	NYC Code §20-393(12)	

NYC Consumer Affairs

পরিদর্শনের চেকলিস্ট:
হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টর ও সেলসপার্সন

প্রয়োজনীয় শর্ত		আপনি কি এই শর্ত পূরণ করছেন?
27	কন্ট্র্যাক্টরকে দক্ষতার সাথে কাজটি সম্পাদন করতে হবে এবং চুক্তির কাজটি অবশ্যই সম্পূর্ণ করতে হবে।	☐ হ্যাঁ
	NYC Code §20-393(11)	
বিজ্ঞাপন		
28	বিজ্ঞাপনে হোম ইমপ্রুভমেন্ট কন্ট্র্যাক্টরের DCA লাইসেন্স নম্বরটি অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে।	☐ হ্যাঁ
	6 RCNY §2-222(a)	
29	বিজ্ঞাপনে দাবি করা যাবে না যে আপনার পণ্য বা পরিষেবাগুলির ফলস্বরূপ এমন কোনো লাভ পাওয়া যাবে যা জ্ঞাত ও প্রমাণযোগ্য তথ্যনির্ভর নয়। **উদাহরণঃ** আপনি বিজ্ঞাপন দিতে পারবেন না যে আপনার দ্বারা বিক্রি করা বা স্থাপন করা জানলাগুলি একটি নির্দিষ্ট শতাংশ বিদ্যুতের বিল কমাবে, যদি এই দাবি তথ্য সহকারে প্রমাণযোগ্য না হয়।	☐ হ্যাঁ
	6 RCNY §2-222(r)	
রেকর্ড		
30	কন্ট্র্যাক্টরকে গ্রাহকের সঙ্গে তার সমস্ত চুক্তির প্রতিলিপিগুলি এবং তার ব্যবসার সাথে সম্পর্কযুক্ত অন্য সমস্ত নথিপত্র ছয় বছরের জন্য অবশ্যই রাখতে হবে। **সংক্ষিপ্ত পরামর্শ:** ছয় বছরের বেশি সময়কালের গ্যারান্টি আছে এমন চুক্তিগুলিকে গ্যারান্টির পুরো সময়কালের জন্য রেখে দিতে হবে।	☐ হ্যাঁ
	6 RCNY §2-223(b)	

NYC Office of the Mayor
Consumer Affairs
Lorelei Salas
Commissioner

42 Broadway
New York, NY
10004

nyc.gov দেখুন এবং "Business Toolbox" (বিসনেস টুলবক্স) সন্ধান করুন

311 নম্বরে যোগাযোগ করুন
(212) NEW-YORK
(NYC-র বাইরে)

নিউ ইয়র্ক সিটির ব্যবসা প্রতিষ্ঠানগুলির সব প্রাসঙ্গিক ফেডেরাল, রাজ্য এবং শহরের আইন ও নিয়ম মান্য করতে হবে, এইগুলি ডিসিএ-র বিসনেস টুলবক্সে পাওয়া যাবে। ব্যবসা প্রতিষ্ঠানগুলির দায়িত্ব হল বর্তমান এমন সব বিধিনিয়ম সম্বন্ধে ওয়াকিবহাল থাকা ও সেসব অনুসরণ করা যা তাদের ব্যবসায় প্রভাব ফেলছে।

01/2017-এ সৃষ্ট